

# ঢাকা কলেজসহ সাত কলেজকে আলাদা প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করবে সরকার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি থেকে বেরিয়ে সাত কলেজের আলাদা কাঠামো তৈরি হবে

সংবাদ অনলাইন রিপোর্ট

: সোমবার, ২৭ জানুয়ারী ২০২৫



ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাত সরকারি কলেজকে নতুন শিক্ষা কাঠামোতে প্রতিষ্ঠিত করতে কাজ শুরু করেছে সরকার। সোমবার ঢাকা কলেজে আয়োজিত এক ব্রিফিংয়ে ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক এ কে এম ইলিয়াস জানান, নতুন শিক্ষাবর্ষ থেকে সাত কলেজে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম আলাদা কাঠামোতে পরিচালিত হবে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি থাকবে না।

সাত কলেজের শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি থেকে বের হয়ে আলাদা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবিতে আন্দোলন করে আসছে। তাদের দাবির পরিপ্রেক্ষিতে গত ২৯ ডিসেম্বর শিক্ষা মন্ত্রণালয় একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করে, যাতে সাত কলেজের জন্য আলাদা কাঠামো তৈরি করা হয়।

অধ্যাপক ইলিয়াস জানান, "সাত কলেজের জন্য যে নতুন কাঠামোর কথা চিন্তা করা হচ্ছে, সেখানে ভর্তির বিষয়টি নির্ধারিত হবে। ঢাবি যদি কোনো সহায়তা দিতে চায়, তা তারা দিতে প্রস্তুত।" তিনি আরও বলেন, "২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সাত কলেজের শিক্ষার্থী ভর্তি করবে না।" তবে সাত কলেজের চলমান পরীক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে চলবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৪ জানুয়ারি শিক্ষার্থী ও সাত কলেজের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের পর, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে জরুরি বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই বৈঠকে সিদ্ধান্ত হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি থেকে সাত কলেজ বের হয়ে যাবে এবং নতুন কাঠামো তৈরি করা হবে।

অধ্যাপক ইলিয়াস এই বিষয়ে আরও জানান, সাত কলেজের চলমান পরীক্ষাগুলোর ক্ষেত্রে ঢাবি কর্তৃপক্ষ সম্মতি দিয়েছে এবং পরীক্ষাগুলোর তারিখ পুনঃনির্ধারণের আলোচনা চলছে। তিনি বলেন, "যদি শিক্ষার্থীরা সম্মত থাকে, চলমান পরীক্ষাগুলো সম্পন্ন করা হবে।"

উপ-উপাচার্যের পদত্যাগের দাবি প্রসঙ্গে তিনি বলেন, "শিক্ষার্থীদের ছয় দফা দাবি নিয়ে আলোচনা হয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন নিজেদের সিদ্ধান্ত নেবে, আমাদের সে বিষয়ে মন্তব্য করার সুযোগ নেই।"

ঢাকা কলেজের অধ্যক্ষ এই কাঠামো তৈরি নিয়ে আরও জানান, "শিক্ষকদের সঙ্গে আলোচনা করা হয়েছে এবং বরণ্য শিক্ষাবিদদের সঙ্গেও পরামর্শ হবে। তারপর সিদ্ধান্ত নেওয়া হবে।"

এই নতুন কাঠামো সম্পর্কে তিনি বলেন, "আলাদা কাঠামো চালু হলে সাত কলেজের শিক্ষার্থীদের ভর্তি, আসন সংখ্যা এবং ভর্তি ফি সম্পর্কিত সিদ্ধান্ত মন্ত্রণালয় গঠিত বিশেষজ্ঞ কমিটি নেবে।"

এদিকে, ঢাবি উপাচার্যের কার্যালয়ে অনুষ্ঠিত জরুরি বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাত কলেজের শিক্ষার্থীদের ভবিষ্যৎ নিয়ে আলোচনা হয় এবং তাদের ভর্তি সম্পর্কিত সিদ্ধান্ত নেওয়া হয়। এই বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়, ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে সাত কলেজের শিক্ষার্থীদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ভর্তি নেওয়া হবে না।

এছাড়া, যেসব শিক্ষার্থী বর্তমানে ঢাবি অধীনে পড়ছেন, তাদের শিক্ষাজীবন যাতে ক্ষতিগ্রস্ত না হয়, সেজন্য ঢাবি প্রশাসন পূর্ণ দায়িত্বে থাকবে।